# হাংরি, শ্রুতি ও শাস্ত্রবিরোধী সাহিত্য-আন্দোলনের মুখপত্রে প্রকাশিত বাংলা সাহিত্য : বিষয়বস্তু ও শৈলী বিশ্লেষণ

# DECLARATION

I declare that the thesis entitled “হাংরি, শ্রুতি ও শাস্ত্রবিরোধী সাহিত্য-আন্দোলনের মুখপত্রে প্রকাশিত বাংলা সাহিত্য : বিষয়বস্তু ও শৈলী বিশ্লেষণ” has been prepared by me under the guidance of Dr. Surya Lama, Assistant Professor of ‘Department of Bengali’, University of North Bengal. No part of this thesis has formed the basis for the award of any degree or fellowship previously.

Seuli Basak
.................................. 07/01/2022

SEULI BASAK

Department of Bengali,
University of North Bengal,
Raja Rammohunpur, Darjeeling,
West Bengal, Pin. 734013.

Date:

ড. সূর্য লামা
সহকারী অধ্যাপক
বাংলা বিভাগ
উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়

"সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী"
Accredited by NAAC With grade A

রাজা রামমোহনপুর
দার্জিলিং ৭৩৪০১৩, পশ্চিমবঙ্গ, ভারত

suryalamanbu@gmail.com
৯৭৪৯৭৯৯৬৪১

স্মারক সংখ্যা তারিখ

# CERTIFICATE

I certify that **Seuli Basak** has prepared the thesis entitled "**হাংরি, শ্রুতি ও শাস্ত্রবিরোধী সাহিত্য-আন্দোলনের মুখপত্রে প্রকাশিত বাংলা সাহিত্য : বিষয়বস্তু ও শৈলী বিশ্লেষণ**", for the award of Ph.D. degree of the 'University of North Bengal', under my guidance. She has carried out the work at the Department of Bengali, University of North Bengal.

……………………
07/01/2022
**(Supervisor)**
Dr. SURYA LAMA
Department of Bengali,
University of North Bengal.

Assistant Professor
Department of Bengali
University of North Bengal

Ouriginal

## Document Information

| | |
|---|---|
| **Analyzed document** | Seuli Basak_Bengali.pdf (D123743165) |
| **Submitted** | 2021-12-28T06:47:00.0000000 |
| **Submitted by** | University of North Bengal |
| **Submitter email** | nbuplg@nbu.ac.in |
| **Similarity** | 0% |
| **Analysis address** | nbuplg.nbu@analysis.urkund.com |

## Sources included in the report

| | | |
|---|---|---|
| W | URL: https://en.wikipedia.org/wiki/Fanny_Hill<br>Fetched: 2021-12-28T06:47:00.0000000 | 2 |
| W | URL: https://nta.ac.in/Download/ExamPaper/Paper_20201118093700.pdf<br>Fetched: 2021-06-18T06:30:24.6200000 | 1 |

Seuli Basak
07/01/2022

07/01/2022

Assistant Professor
Department of Bengali
University of North Bengal

# মুখবন্ধ

শেখর বসু সম্পাদিত ‘শাস্ত্রবিরোধী গল্প’ সংকলনটি হঠাৎই চোখে পড়েছিল স্নাতকোত্তর পড়ার সময়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় গ্রন্থাগারে। বইটি সেইদিনই সংগ্রহ করে পড়া শুরু করেছিলাম। অবশ্য আমার প্রথম সেই পাঠ-অভিজ্ঞতা খুব একটা সুখকর ছিল না, কারণ প্রথাগত ছোটগল্পের থেকে এই গল্পগুলি এতটাই আলাদা যে সেদিন আমি বিশেষ কিছুই বুঝতে পারিনি। গল্পগুলি পড়তে পড়তে কেবল বিস্মিত হয়েছিলাম সেই প্রথম পাঠে। সেই থেকে একরকমের শুরু। এরপর স্নাতকোত্তর পড়াকালে ‘NET’ ও ‘WBSET’ পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরে যখন গবেষণা-কাজের বিষয় নিয়ে ভাবছি, সেই সময় বাংলা সাহিত্য-আন্দোলনগুলি নিয়ে শৈলী-নির্ভর গবেষণার পরামর্শ দেন বিভাগীয় অধ্যাপক ড. উদয়কুমার চক্রবর্তী। হাংরি, শ্রুতি, শাস্ত্রবিরোধী, নিম, ধ্বংসকালীন, নতুননিয়ম, ছাঁচ-ভেঙে-ফেল, প্রকল্পনা, থার্ড লিটারেচার, নিওলিট, সমন্বয়-ধর্মী, গাণিতিক গল্প, চাকর-সাহিত্য-বিরোধী ইত্যাদি আন্দোলনগুলি সম্পর্কে প্রাথমিক পড়াশোনা ও ‘Pilot Research’ করার পরে মনস্থির করি ষাট-সত্তর-আশির দশকের অন্যতম প্রধান তিনটি সাহিত্য-আন্দোলন হাংরি, শ্রুতি ও শাস্ত্রবিরোধী সাহিত্যের শৈলী নিয়ে গবেষণা করার।

“হাংরি, শ্রুতি ও শাস্ত্রবিরোধী সাহিত্য-আন্দোলনের মুখপত্রে প্রকাশিত বাংলা সাহিত্য : বিষয়বস্তু ও শৈলী বিশ্লেষণ” শীর্ষক এই গবেষণাকর্মটি যিনি শুরু থেকে শেষ পর্যন্ত অবিরত আদেশ-উপদেশ দান করে সম্পাদন করিয়েছেন, তিনি হলেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক তথা এই গবেষণাকর্মের তত্ত্বাবধায়ক ড. সূর্য লামা মহাশয়। প্রতিটি অধ্যায়ের খুঁটিনাটি ভুলভ্রান্তি বারংবার শুধরে দিয়েছেন তিনি। তত্ত্বাবধায়ক ছাড়াও এই গবেষণাকর্মে সহায়তা করেছেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের ভূতপূর্ব বিভাগীয় প্রধান ড. নিখিলেশ রায় এবং বর্তমান বিভাগীয় প্রধান ড. উৎপল মণ্ডল মহাশয়। এছাড়া বিভিন্ন সময়ে সুপরামর্শ দিয়ে এই গবেষণাকর্মটিকে এগিয়ে নিয়ে যেতে সহায়তা করেছেন বিভাগীয় অধ্যাপক ড. আশিস রায় মহাশয়। বিভাগের অন্যান্য অধ্যাপকগণও নানাভাবে সহায়তা করেছেন। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধীনে এই গবেষণাকর্মটি শুরু করার আগে থেকেই যিনি এই বিষয়ে পড়াশোনায় নানাভাবে সাহায্য

করেছেন, এই গবেষণাকর্মের দিকনির্দেশ করেছেন, তিনি হলেন ড. উদয়কুমার চক্রবর্তী মহাশয়। এছাড়াও এই গবেষণাকর্ম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য পরামর্শ প্রদান করেছেন বিশ্বভারতীর বাংলা বিভাগের অধ্যাপক ড. অতনু শাশমল মহাশয়। নানা উপদেশ ও সুপরামর্শ দিয়ে সহায়তা করেছেন 'লিটল ম্যাগাজিন লাইব্রেরি ও গবেষণাকেন্দ্র'-এর কর্ণধার সন্দীপ দত্ত মহাশয়। তাঁর অবদান বলে শেষ করার নয়। তিনি এমন কিছু তথ্য দিয়ে সাহায্য করেছেন, যেগুলি তাঁর সহায়তা ছাড়া আমার নাগালে কোনোভাবেই আসত না। তাঁর 'লিটল ম্যাগাজিন লাইব্রেরি ও গবেষণাকেন্দ্র' থেকেই হাংরি, শ্রুতি ও শাস্ত্রবিরোধী সাহিত্য-আন্দোলনের মুখপত্রগুলি সংগ্রহ করেছি। শ্রুতি পত্রিকার যে কয়েকটি সংখ্যা লিটল ম্যাগাজিন লাইব্রেরিতে পাওয়া যায়নি, সেই সংখ্যাগুলি শ্রুতিকবি পরেশ মণ্ডল নিজের ব্যক্তিগত সংগ্রহ থেকে পরম উদারতায় হাতে তুলে দিয়েছেন। বিভিন্ন সময়ে গবেষণা সংক্রান্ত বইপত্রের সন্ধান দিয়েছেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের ভূতপূর্ব অধ্যাপক ড. উদয়কুমার চক্রবর্তী, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. শম্পা চৌধুরী ও ড. বরেন্দু মণ্ডল, হাংরি আন্দোলনের স্রষ্টা মলয় রায়চৌধুরী, শাস্ত্রবিরোধী আন্দোলনের অন্যতম প্রধান কাণ্ডারী শেখর বসু, শ্রুতি আন্দোলনের পুরোধা-কবি মৃণাল বসুচৌধুরী, পরেশ মণ্ডল, এবং সর্বোপরি সন্দীপ দত্ত মহাশয়। সৌজন্যমূলক কৃতজ্ঞতা স্বীকার বা ধন্যবাদ জ্ঞাপনের পরিবর্তে এঁদের সকলের প্রতি আমার বিনম্র শ্রদ্ধা অর্পণ করি। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ও বাংলা বিভাগের বিভাগীয় গ্রন্থাগার, বিশ্বভারতীর কেন্দ্রীয় গ্রন্থাগার থেকে বেশকিছু বই সংগ্রহ করেছি। কলেজ স্ট্রীটের পুরনো বইয়ের দোকান থেকেও ষাট-সত্তর দশকে প্রকাশিত বেশ কিছু প্রয়োজনীয় বইপত্র সংগ্রহ করা গিয়েছে। গবেষক-বন্ধুদের মধ্যে কয়েকজন দরকার মতো বইপত্রের জোগান দিয়েছেন। সকলের আন্তরিক সাহায্য কৃতজ্ঞ চিত্তে স্মরণ করি। সর্বোপরি, মা-বাবা-পরিজনবর্গ, তাঁরা যা করেছেন – তা আলাদা করে কোনো স্বীকৃতির অপেক্ষা করে না। এছাড়া সাক্ষাৎকার দিয়ে গবেষণা কাজটিকে সমৃদ্ধ করেছেন হাংরির মলয় রায়চৌধুরী, শ্রুতির মৃণাল বসুচৌধুরী, শাস্ত্রবিরোধীর শেখর বসু এবং এই সাহিত্য-আন্দোলনত্রয়ের সমসাময়িক একজন বিদগ্ধ ব্যক্তিত্ব সন্দীপ দত্ত মহাশয়। তাঁরা সর্বদাই আমার নমস্য।

ডিসেম্বর, ২০২১ শিউলি বসাক

# চিহ্ন ও সংকেত ব্যাখ্যা

| | |
|---|---|
| // | = স্বনিমভিত্তিক বা মূলধ্বনিভিত্তিক লিপ্যন্তরণ (Phonemic or Broad Transcription) |
| [ ] | = উপধ্বনিভিত্তিক বা সূক্ষ্ম উচ্চারণভিত্তিক লিপ্যন্তরণ (Phonetic or Narrow Transcription) |
| ⇨ | = সংবর্তন চিহ্ন |
| $\phi$ | = বিলোপন চিহ্ন |
| — | = পারস্পরিক সংযোগ নির্দেশক রেখাচিহ্ন |
| → | = অভিমুখ নির্দেশক চিহ্ন |
| > | = আদিরূপ বা পূর্বরূপ থেকে বিবর্তনের অভিমুখ নির্ধারক চিহ্ন |
| ‿ | = স্বরের সংযোগ প্রকাশক চিহ্ন |
| $\underline{n}$ | = অর্ধস্বর (n = যে কোনো বর্ণ) |
| Adj. | = Adjective বা বিশেষণ |
| Art. | = Article বা নির্দেশক |
| Aux. | = Auxiliary বা সহায়ক |
| Comp. | = Complementary বা সহায়ক |
| D. S. | = Deep Structure বা অধোগঠন |
| N. | = Noun বা বিশেষ্য |
| Neg. | = Negative বা নঞর্থক |
| N. P. | = Noun Phrase বা বিশেষ্য-পদগুচ্ছ |
| Poss. | = Possessive বা সম্বন্ধক |

| | |
|---|---|
| S. | = Sentence বা বাক্য |
| S. S. | = Surface Structure বা অধিগঠন |
| V. P. | = Verb Phrase বা ক্রিয়া-পদগুচ্ছ |
| V. | = Verb বা ক্রিয়া |
| এ.দ. -১ | = ‘এই দশক’ পত্রিকা প্রথম সংকলন |
| এ.দ. -২ | = ‘এই দশক’ পত্রিকা দ্বিতীয় সংকলন |
| এ.দ. -৩ | = ‘এই দশক’ পত্রিকা তৃতীয় সংকলন |
| এ.দ. -৪ | = ‘এই দশক’ পত্রিকা চতুর্থ সংকলন |
| এ.দ. -৫ | = ‘এই দশক’ পত্রিকা পঞ্চম সংকলন |
| এ.দ. -৬ | = ‘এই দশক’ পত্রিকা ষষ্ঠ সংকলন |
| এ.দ. -৭ | = ‘এই দশক’ পত্রিকা সপ্তম সংকলন |
| এ.দ. -৮ | = ‘এই দশক’ পত্রিকা অষ্টম সংকলন |
| এ.দ. -৯ | = ‘এই দশক’ পত্রিকা নবম সংকলন |
| এ.দ. -১০ | = ‘এই দশক’ পত্রিকা দশম সংকলন |
| এ.দ. -১১ | = ‘এই দশক’ পত্রিকা একাদশ সংকলন |
| এ.দ. -১২ | = ‘এই দশক’ পত্রিকা দ্বাদশ সংকলন |
| এ.দ. -১৩ | = ‘এই দশক’ পত্রিকা ত্রয়োদশ সংকলন |
| এ.দ. -১৪ | = ‘এই দশক’ পত্রিকা চতুর্দশ সংকলন |
| এ.দ. -১৫ | = ‘এই দশক’ পত্রিকা পঞ্চদশ সংকলন |
| এ.দ. -১৬ | = ‘এই দশক’ পত্রিকা ষোড়শ সংকলন |
| এ.দ. -১৭ | = ‘এই দশক’ পত্রিকা সপ্তদশ সংকলন |
| এ.দ. -১৮ | = ‘এই দশক’ পত্রিকা অষ্টাদশ সংকলন |
| এ.দ. -১৯ | = ‘এই দশক’ পত্রিকা ঊনবিংশ সংকলন |

এ.দ. -২০ = 'এই দশক' পত্রিকা বিংশ সংকলন

এ.দ. -২১ = 'এই দশক' পত্রিকা একবিংশ সংকলন

এ.দ. -২২ = 'এই দশক' পত্রিকা দ্বাবিংশ সংকলন

এ.দ. -২৩ = 'এই দশক' পত্রিকা ত্রয়োবিংশ সংকলন

এ.দ. -২৪ = 'এই দশক' পত্রিকা চতুর্বিংশ সংকলন

ম. রা. চৌ. ক. = 'মলয় রায়চৌধুরীর কবিতা'

শ্রুতি-১ = 'শ্রুতি' পত্রিকা প্রথম সংকলন

শ্রুতি-২ = 'শ্রুতি' পত্রিকা দ্বিতীয় সংকলন

শ্রুতি-৩ = 'শ্রুতি' পত্রিকা তৃতীয় সংকলন

শ্রুতি-৪ = 'শ্রুতি' পত্রিকা চতুর্থ সংকলন

শ্রুতি-৫ = 'শ্রুতি' পত্রিকা পঞ্চম সংকলন

শ্রুতি-৬ = 'শ্রুতি' পত্রিকা ষষ্ঠ সংকলন

শ্রুতি-৭ = 'শ্রুতি' পত্রিকা সপ্তম সংকলন

শ্রুতি-৮ = 'শ্রুতি' পত্রিকা অষ্টম সংকলন

শ্রুতি-৯ = 'শ্রুতি' পত্রিকা নবম সংকলন

শ্রুতি-১০ = 'শ্রুতি' পত্রিকা দশম সংকলন

শ্রুতি-১১ = 'শ্রুতি' পত্রিকা একাদশ সংকলন

শ্রুতি-১২ = 'শ্রুতি' পত্রিকা দ্বাদশ সংকলন

শ্রুতি-১৩ = 'শ্রুতি' পত্রিকা ত্রয়োদশ সংকলন

শ্রুতি-১৪ = 'শ্রুতি' পত্রিকা চতুর্দশ সংকলন

ক্ষু. স. = 'হাংরি জেনারেশনের স্রষ্টাদের ক্ষুধার্ত সংকলন'